

3 (Sem-4) BEN MIL

2 0 1 6 Bijni College Library
P.O. Bijni, Dist. Chirang
(B.T.A.D) Assam

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) পেশাওয়ার ষ্টেশনে সৈয়দ মুজতবা আলীকে নিতে কে এসেছিলেন ?

(খ) গ্রিক নারসিসাস্ ফুলকে ফারসিতে কী বলা হয় ?

(গ) 'দেশে বিদেশে' গ্রন্থের লেখকের নাম কী ?

(ঘ) কোন্ মুঘল সম্রাট কাবুলের বাজার দেখে মুগ্ধ হয়েছিলেন ?

(ঙ) খাইবারপাস অতিক্রমকারী বাসের পাঞ্জাবি ড্রাইভারের নাম কী ?

(চ) বগদানফ কে ?

(ছ) 'আগবিক' শব্দটি কী জাতীয় শব্দ, বিশেষ্য না বিশেষণ ?

(জ) পদ পরিবর্তন করো (যে-কোন একটি) :
নিশা ; চতুর ।

(ঝ) বানান সংশোধন করো (যে-কোন একটি) :
শান্তনা ; দন্দ ।

(ঞ) শুদ্ধ রূপটি নির্ণয় করো :
মুমূর্ষু ; মূমূর্ষু ; মুমূর্ষ ; মুমূর্ষু ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) কাবুলের সামাজিক জীবন কয়টি 'হিসসা'য় বিভক্ত? সেগুলি
কী কী?

(খ) জিয়াউদ্দিন কোন্ আন্দোলনের সঙ্গে জড়িত ছিলেন? তিনি
কোন্ ভাষায় রবীন্দ্রসঙ্গীত অনুবাদ করেছিলেন?

(গ) 'বন' অথবা 'অশ্ব'—যে কোনো একটি শব্দের দুটি ভিন্ন
ভিন্ন অর্থ লেখো ।

(ঘ) নিম্নলিখিত দুটি শব্দযুগলের কোন্ দুটি শুদ্ধ, লেখো :
অত্যাধিক—অত্যাধিক; প্রশংসা—প্রসংশা ।

(ঙ) 'সময়' ও 'তরুণ'—এই দুটি শব্দের পদ পরিবর্তন করো ।

৩। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) “আজ বলতে পারি পাঠানের অভ্যর্থনা সম্পূর্ণ নির্জলা আন্তরিক।” কোন্ প্রসঙ্গে লেখক একথা বলেছেন, স্পষ্ট করে বোঝাও।

(খ) প্রথম দিনের ট্রেন যাত্রায় ফিরিস্থির সঙ্গে লেখকের ‘উৎকৃষ্ট ডিনার’-এর ঘটনাটি বর্ণনা করো।

(গ) ‘মুইন-উস্-সুলতানে’-র অর্থ কী? ‘দেশে বিদেশে’ গ্রন্থে কাকে এবং কেন ‘মুইন-উস্-সুলতানে’ বলা হয়েছে?

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) নিম্নলিখিত যে কোনো দুটি শব্দের দুটি ভিন্ন ভিন্ন অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো :

অঙ্ক ; গুণ ; পক্ষ ; দণ্ড।

(খ) যে কোনো দুটি বাগ্মিধির অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো :
তাসের ঘর ; গৌরচন্দ্রিকা ; বিড়াল তপস্বী ; তুলসী বনের বাঘ।

(গ) বাক্যগত অশুদ্ধি সংশোধন করো :

(১) সহদেব রাজা পাণ্ডুর কনিষ্ঠতম পুত্র।

(২) তীব্র পিপাসায় সে আকণ্ঠ পর্যন্ত জলপান করিল।

(৩) রাজু হরির বিরুদ্ধে সাক্ষী দিতে পারে।

(৪) সজল নিরপরাধী, সে কোন দোষ করেনি।

(৫) দেবী বর দিয়াই অন্তর্ধান হইলেন।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) অধ্যাপক খুদা বখশের চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করে তাঁর ভ্রাতৃপ্রেমের পরিচয় দাও।
- (খ) সৈয়দ মুজতবা আলীর কাবুল যাত্রার নানা অভিজ্ঞতার বর্ণনা দাও।
- (গ) প্রসঙ্গ উল্লেখ করে 'দেশে বিদেশে' গ্রন্থের হাস্যরস সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) 'দেশে বিদেশে' গ্রন্থে বর্ণিত প্রাকৃতিক সৌন্দর্যের চিত্র পরিস্ফুট করো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'বান্ধিধি' বলতে কী বোঝ? 'বান্ধিধি'র অন্তর্গত 'ক্রিয়াপদের বিশিষ্ট ব্যবহার' এবং 'বিশেষ্যপদের বিশিষ্ট ব্যবহার' শ্রেণিবিভাগ দুটির দুটি করে উদাহরণ দাও এবং উদাহরণগুলো অবলম্বন করে বাক্য রচনা করো।

$$২+(২\times২)+(১\times৪)=১০$$

- (খ) 'প্রায় সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ' বলতে কী বোঝ? এই শ্রেণির দুটি যুগলের উদাহরণ দাও এবং উদাহরণ চারটির অর্থ উল্লেখ করে বাক্য রচনা করো।

$$২+(২\times২)+(১\times৪)=১০$$

৭। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো :

১০

- (ক) তোমার প্রিয় ঔপন্যাসিক
- (খ) অসমের প্রাকৃতিক সম্পদ
- (গ) অন্ধবিশ্বাস ও কুসংস্কার দূৰীকরণে ছাত্রসমাজের ভূমিকা
- (ঘ) তোমার দেশ ভ্রমণের অভিজ্ঞতা

★ ★ ★